

পার্লামেন্টে হুলুস্থুল কংগ্রেসের অযোগ্যতাকেই সামনে আনল

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

আমরা বারবার বলে আসছি শাসন করার ইচ্ছে হারিয়েছে ইউপিএ। রাজনৈতিক সিদ্ধান্ত কার্যকর করার ক্ষেত্রে তাদের যোগ্যতা প্রশ্নের মুখে। পৃথক তেলেঙ্গানা রাজ্য গঠনের প্রস্তাবে যে রাজনৈতিক পরিস্থিতি তৈরি হয়েছে তা সামলানোর ব্যাপারে ইউপিএর অদক্ষতা আজ সামনে এল। এই ইস্যুতে কংগ্রেসই দ্বিধাবিভক্ত। সংসদের কাজকর্মে ব্যাঘাত সৃষ্টির জন্য অন্ধপ্রদেশের কংগ্রেস সাংসদরাই দায়ী। মুখ্যমন্ত্রী নিজেই বলছেন যে সেখানে প্রশাসন অচল হয়ে পড়েছে।

লোকসভার আজকের ঘটনা ভারতের সংসদীয় গণতন্ত্রে বড় আঘাত। সংসদের কাজকর্মে ব্যাঘাত সৃষ্টির জন্য মারাত্মক ও নিষিদ্ধ সমস্ত জিনিস নিয়ে আসা হয়েছিল। ঠিক কি ঘটতে চলেছে সেসমপর্কে সাংসদরাও অবহিত ছিলেননা। এর বিরুদ্ধে বিজেপির সমস্ত সদস্য, তেলেঙ্গানা ও সীমাক্ত উভয় অংশের সাংসদরাই রাজ্য বিভাজনের পক্ষে সরব হন। একই সঙ্গে সীমাক্তের মানুষের অধিকার রক্ষার ব্যাপারেও সরব হন। কিন্তু দুঃখজনক ভাবে ইউপিএ এব্যাপারে সমপূর্ণ ব্যর্থ। বর্তমানে উদ্ভূত পরিস্থিতির জন্যেও এই ব্যর্থতাই দায়ী। পরিস্থিতি সামাল দিতে না পারার দায় সমপূর্ণভাবে কংগ্রেসের উপরই বর্তায়। আজকের এই অসমভব নাটক অনুষ্ঠিত হল শুধুমাত্র কংগ্রেস নেতৃত্বের অদুরদর্শিতা ও নিজেদের সদস্যদের নিয়ন্ত্রণে না রাখতে পারার কারণে।

-----